# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।*

১. ▶ ১৮৩৯ সালে ফ্রান্সে সমাজবিজ্ঞান প্রতিষ্ঠিত হলেও এদেশে বিকাশ লাভ করে ১৯৫৭ সালে। জনাব 'ক' এর অক্লান্ত পরিশ্রমে এটি সম্ভব হয়। তার অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে বাংলাদেশের সমাজবিজ্ঞানের জনক বলা হয়।

ক. 'সমাজবিজ্ঞান সমীক্ষণ' বইটির লেখক কে? ১

খ. "সমাজবিজ্ঞান একটি মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান"— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব 'ক' বলতে কাকে বোঝানো হয়েছে? বাংলাদেশে সমাজবিজ্ঞান প্রতিষ্ঠায় তার অবদান লিখ। ৩

ঘ. বাংলাদেশের সামাজিক সমস্যা চিহ্নিত করে দূর করা ছাড়াও আরও অনেক বিষয় জানতে উদ্দীপক দ্বারা নির্দেশিত বিষয়টি পাঠের প্রয়োজনীয়তা রয়েছে— মতামত দাও। ৪

২. ▶

| দৃশ্য-১ | দৃশ্য-২ |
|---|---|
| শীতের সকাল। একজন মহিলা মাটির চুলায় ভাপা পিঠা বানাচ্ছে। পরিবারের সবাই খেজুরের রস মাখিয়ে পরম তৃপ্তি ভরে খাচ্ছেন। | মায়ের হাত ধরে একটি শিশু জেব্রাক্রসিং দিয়ে রাস্তা পার হচ্ছে। |

ক. সংস্কৃতির কয়টি রূপ? ১

খ. বাংলাদেশের সমাজ-সংস্কৃতির বড় বৈশিষ্ট্য হলো 'বারো মাসে তেরো পার্বণ'— ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্য-১ বাংলাদেশের সমাজের যে সংস্কৃতির ধারণা দেয় উক্ত সংস্কৃতির বিভিন্ন দিকগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্য-২ বাংলাদেশের সমাজের যে সংস্কৃতির ধারণা দেয় তার সাথে দৃশ্য—১ এর সংস্কৃতির বৈপরীত্য বিশ্লেষণ করো। ৪

teachingbd24.com

https://teachingbd24.com

৩. ▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের উদ্যোগে প্রথম বর্ষের শিক্ষার্থীরা একটি পিকনিকের আয়োজন করে। পিকনিকের স্থান সম্পর্কে জানতে চাইলে আরিফ বললো, এটি বাংলাদেশের একটি ঐতিহাসিক স্থান যা বৌদ্ধ সভ্যতার অন্যতম প্রত্নতাত্ত্বিক নিদর্শন। পাহাড়পুরেরা এই নিদর্শনে প্রধানত বৌদ্ধ ধর্ম তথা বৌদ্ধ সংস্কৃতি ও সভ্যতার বিকাশ ঘটেছিল।

ক. পরশুরাম কে ছিলেন? ১

খ. ময়নামতিতে প্রাপ্ত বৌদ্ধ সভ্যতার নিদর্শনের প্রধান বৈশিষ্ট্যগুলো তুলে ধরো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রত্নতাত্ত্বিক স্থানের একটি প্রধান বাংলাদেশের বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত প্রত্নতাত্ত্বিক স্থানটি বাংলাদেশের সমাজ-ইতিহাস রচনায় বিশেষ অবদান রাখতে সক্ষম— বিশ্লেষণ করো। ৪

৪. ▶ দৃশ্যপট-১ : কনক বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। কনকের বাবা, তাদের সমাজ ব্যবস্থায় একজন অত্যন্ত সম্মানিত ব্যক্তি। সমাজে শান্তি-শৃঙ্খলা বজায় রাখা, বিচারকার্য পরিচালনা করা এবং সরকারকে খাজনা প্রদান করা তাঁর অন্যতম দায়িত্ব। বংশ পরম্পরায় তিনি এই পদ লাভ করেন।

দৃশ্যপট-২ : লিনা বাংলাদেশের আরেকটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। তাঁর সমাজব্যবস্থা অনুযায়ী সে তাঁর মায়ের সকল সম্পত্তির মালিক। তাঁদের ঐতিহ্যবাহী ধর্ম 'সাংসারেক' হলেও বর্তমানে তাঁরা খ্রিস্টান ধর্মের অনুসারী।

ক. সাঁওতালরা প্রধানত কোথায় বাস করে? ১

খ. সরকার জুমচাষকে নিরুৎসাহিত করেন কেন? ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যপট-১-এ বাংলাদেশের কোন নৃগোষ্ঠীর জীবনপ্রণালী ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. কনক ও লিনা যে দুটি নৃগোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে সে দুটি নৃগোষ্ঠীর ধর্ম, পরিবার ও বিবাহ ব্যবস্থার তুলনামূলক আলোচনা করো। ৪

৫. ▶ বাংলার অবিসংবাদিত নেতা জনাব 'ক' বাঙালির অধিকার রক্ষায় সর্বদা সচেষ্ট ছিলেন। এরই প্রেক্ষাপটে ১৯৬৬ সালে লাহোরে তিনি বাঙালির পক্ষে কতিপয় দাবি-দাওয়া তুলে ধরেন। তার অন্যতম দাবিটি ছিল পাকিস্তানের জন্য একটি যুক্তরাষ্ট্রীয় শাসনতন্ত্র প্রণয়ন করতে হবে যার সরকার হবে সংসদীয় পদ্ধতির।

ক. বাঙালি জাতীয়তাবাদ কী? ১

খ. ভাষা আন্দোলনের মাধ্যমে অসাম্প্রদায়িক চেতনার বিকাশ ঘটে— ব্যাখ্যা করো। ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকে বর্ণিত জনাব 'ক'-এর মধ্যে কোন আন্দোলনের দাবির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব 'ক'-এর কর্মসূচি বাঙালি জাতীয়তাবাদ বিকাশে বলিষ্ঠ ভূমিকা পালন করে— বিশ্লেষণ করো। ৪

৬. ▶ শফিকের বাবা একজন কৃষক। তাদের এলাকার অধিকাংশ মানুষই কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে। এছাড়া শফিকদের এলাকায় জনবসতিও কম এবং নগর জীবনের বিপরীত চিত্র বিদ্যমান।

ক. একুশ শতকের সূচনালগ্নে বাংলাদেশে কত শতাংশ লোক গ্রামে বাস করত? ১

খ. গ্রাম ও শহরের রাজনীতি চর্চার তুলনা করো। ২

গ. উদ্দীপকে কীরূপ সমাজের পরিচয় ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সমাজের সাথে শহর সমাজের চমৎকার আন্তঃসম্পর্ক বিদ্যমান- তুমি কি বক্তব্যটি সমর্থন করো? সুচিন্তিত মতামত দাও। ৪

৭. ▶ করিম ও রহিম দুইজন দোস্ত। একদিন দুই দোস্ত মিলে করিমের মামার বাড়িতে বেড়াতে গেল। করিমের মামা তাদেরকে বেশ আদর আপ্যায়ন করল। করিমের মামা রহিমকেও ভাগিনা বলেই সম্বোধন করল। দুই দিন পর তারা নিজ নিজ বাড়িতে ফিরে গেল।

ক. বিবাহ একটি কী ধরনের প্রতিষ্ঠান? ১

খ. কাজিন ম্যারিজ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কয় ধরনের জ্ঞাতি সম্পর্ক নিয়ে আলোচনা করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের মানুষের অতিথি পরায়ণতা সম্পর্কে আলোচনা কর। ৪

৮. ▶ রায়হান ইন্টারনেটে একজন ফ্রিল্যান্সার হিসেবে কাজ করে। বিভিন্ন দেশের ক্লাইন্টদের নিকট থেকে সে ইন্টারনেটের মাধ্যমে কাজ বুঝে নেয়। আবার কাজগুলো শেষ করে ইন্টারনেটের মাধ্যমেই তা জমা দেয়।

ক. বিশ্বায়ন কোন ধরনের প্রক্রিয়া? ১

খ. শিক্ষাপ্রতিষ্ঠানে তথ্য ও প্রযুক্তির প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনে বিশ্বায়নের কীরূপ প্রভাবের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত প্রভাব ব্যতীত অন্য যেকোনো তিনটি প্রভাব পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯. ▶ স্থানীয় মাদকাসক্ত কিছু বখাটে ছেলেদের উচ্ছৃঙ্খল আচরণে পাঠানপাড়ার মানুষজন অতিষ্ঠ। তারা এ অবস্থা থেকে উত্তরণের প্রয়োজনীয়তা অনুভব করে। এজন্য তারা মসজিদের ইমাম সাহেবকে জুমার খুতবায় এ সম্পর্কে আলোচনা করতে বলে। ইমাম সাহেব মাদকাসক্তির ধর্মীয় বিধিনিষেধ ও অপকারিতা সম্পর্কে বলেন। এতে উদ্বুদ্ধ হয়ে কিশোর সংঘের ছেলেরা 'মাদককে না বলুন' সংবলিত লিফলেট এলাকায় বিতরণ করে।

ক. জাপানে কিশোর অপরাধের বয়সসীমা কত ধরা হয়? ১

খ. কিশোর অপরাধীদের দ্বারা মেয়েরা কী ধরনের নির্যাতনের শিকার হচ্ছে? ২

গ. উদ্দীপকে পাঠানপাড়া এলাকাবাসীর উদ্যোগটি কোন ধরনের উদ্যোগ? ব্যাখ্যা কর। ৩

ঘ. এ ধরনের উদ্যোগই পারে তরুণ সমাজকে সুপথে পরিচালিত করতে— বিশ্লেষণ কর। ৪

১০. ▶ দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত এক সেমিনারে প্রধান অতিথি বলেন, পৃথিবীর দুই মেরুর বরফ অস্বাভাবিকভাবে গলছে। আর এই অস্বাভাবিক অবস্থা সৃষ্টির জন্য তিনি শিল্পায়ন ও আধুনিক সভ্যতাকে দায়ী করেন।

ক. বাংলাদেশের অর্ধেক ভূমি সমুদ্রপৃষ্ঠের চেয়ে গড়ে কত মিটার উঁচু? ১

খ. বাল্যবিবাহ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়ের কারণে সৃষ্ট সমস্যাসমূহ বাংলাদেশের প্রেক্ষিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়ের কারণে সৃষ্ট সমস্যা মোকাবিলা করার কৌশল বিশ্লেষণ কর। ৪

১১. ▶ করিমন বেগম গণেশপুর ইউনিয়নের বাসিন্দা। মেঘনার করালগ্রাসে তার ভিটেমাটি সবই তলিয়ে গেছে। বাস্তুহারা করিমন বেগম এখন নিঃস্ব। স্বামী মারা গেছে সেই কবে। কিন্তু ধৈর্যের বাঁধ ভাঙেনি। তবুও ঘুরে দাঁড়ানোর স্বপ্ন তিনি দেখছেন। পাশের গ্রামের একটি সংস্থা (যে সংস্থাটি অলাভজনক স্বেচ্ছাসেবী হিসেবে পরিচিত) থেকে প্রশিক্ষণ এবং কিছু টাকা ঋণ নিয়েছেন। এই সংস্থার সহযোগিতায় তিনি ধীরে ধীরে আর্থ-সামাজিক উন্নয়নের চেষ্টা করছেন।

ক. সমবায়ের মূলনীতি কী? ১

খ. স্বনির্ভর আন্দোলন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের করিমন বেগমের ঘটনার আলোকে উক্ত সংস্থাটির কোন কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উক্ত সংস্থার কতটুকু ভূমিকা রয়েছে বলে তুমি মনে কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

## বহুনির্বাচনি প্রশ্ন

সময়- ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**১. কোন সমাজে পারিবারিক বন্ধন অত্যন্ত দুর্বল?**
ক) প্রাচ্য　　খ) পাশ্চাত্য
গ) মুসলিম　　ঘ) হিন্দু

**২. শহরের সমাজে বিবাহ বিচ্ছেদ বৃদ্ধির কারণ হচ্ছে—**
i. ব্যক্তিত্বের সংঘাত
ii. পারিবারিক অশান্তি
iii. আর্থ-সামাজিক অবস্থা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**৩. পাড়ার মধ্যে অন্তরের একটি ছোট চায়ের দোকান আছে। অন্তরের সামাজিক স্তরবিন্যাসের কোন স্তরের অন্তর্ভুক্ত?**
ক) উচ্চ মধ্যবিত্ত　　খ) মধ্যবিত্ত
গ) নিম্ন মধ্যবিত্ত　　ঘ) নিম্নবিত্ত

**৪. ক্রস কাজিন বিবাহ বলতে কী বোঝায়?**
ক) চাচাতো ভাইবোনের মাঝে বিবাহ বন্ধন
খ) খালাতো ভাইবোনের মাঝে বিবাহ বন্ধন
গ) মামাতো ফুপাতো ভাইবোনের মাঝে বিবাহ বন্ধন
ঘ) চাচাতো ও খালাতো ভাইবোনের মাঝে বিবাহ বন্ধন

**৫. বিবাহ সম্পাদনের কয়টি সাধারণ শর্ত রয়েছে?**
ক) ৬　　খ) ৫
গ) ৪　　ঘ) ৩

**৬. মাতৃবাস পরিবার গড়ে ওঠার কারণ হলো—**
i. স্ত্রীর পিতার পরিবারে কোনো পুত্র সন্তান না থাকা
ii. কেবলমাত্র একটি কন্যা সন্তান থাকা
iii. আর্থিক অসচ্ছলতা থাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**৭. বাংলাদেশে সর্বপ্রথম কোন বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান পড়ানো শুরু হয়?**
ক) রাজশাহী　　খ) ঢাকা
গ) চট্টগ্রাম　　ঘ) জগন্নাথ

**৮. বিশ্বায়নের প্রভাবে বাংলাদেশে ব্যাপক হারে কী হচ্ছে?**
ক) পরিবেশ দূষিত　　খ) সামাজিক উন্নয়ন
গ) সুশাসন　　ঘ) শিল্পায়ন

**৯. শিল্পায়ন বলতে বোঝায়—**
i. শিল্পের ব্যাপক প্রসার
ii. ব্যাপক যান্ত্রিক উৎপাদন ব্যবস্থা
iii. শিল্পকারখানা স্থাপনের পাশাপাশি কৃষি উৎপাদন বৃদ্ধি করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**১০. বাংলাদেশের সমাজবিজ্ঞানের প্রতিষ্ঠার সাথে সরাসরি কোন নামটি জড়িত?**
ক) ম্যাকাইভার　　খ) অমিত কুমার সেন
গ) রংগলাল সেন　　ঘ) রুড লেডি ট্রিস

**১১. আমাদের সমাজব্যবস্থার আইন অনুযায়ী বাল্যবিবাহ কী?**
ক) মেয়েদের ১৮ এবং ছেলেদের ২১ বছরের আগে বিয়ে
খ) ছেলে ও মেয়ে উভয়ের ক্ষেত্রে কুড়ির আগে বিয়ে
গ) ছেলে ও মেয়ের উভয়ের ২১ বছরের মধ্যে বিয়ে
ঘ) ২০ এবং ২১ বছরের মধ্যে বা তার আগে বিয়ে

**১২. ২০১১ সালের আদমশুমারি রিপোর্ট অনুযায়ী বাংলাদেশে শিক্ষিতের হার কত?**
ক) ৪০.১৮%　　খ) ৪৭.৬৮%
গ) ৫৬.০৯%　　ঘ) ৬২.১০%

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**

মি. 'ক' বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় টোকাইদের পড়াশোনার জন্য কয়েক বন্ধু মিলে রংধনু নামে একটি সমিতি গড়ে তোলেন। পরবর্তীতে এই সমিতির কার্যক্রম বাড়িয়ে যুব প্রশিক্ষণ এবং বধিরদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করেন।

**১৩. উদ্দীপকে মি. 'ক' এর গঠিত প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক) সাহায্যমূলক　　খ) প্রশিক্ষণমূলক
গ) সেবামূলক　　ঘ) শিক্ষামূলক

**১৪. উদ্দীপকে মি. 'ক' এর প্রতিষ্ঠিত সমিতি সমাজের জন্য যা করবে—**
i. দারিদ্র্য বিমোচন
ii. শিক্ষার সম্প্রসারণ
iii. সঞ্চয় করা
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**১৫. বেসরকারি সংস্থাগুলোকে কত ভাগে ভাগ করা হয়?**
ক) চার ভাগে　　খ) পাঁচ ভাগে
গ) ছয় ভাগে　　ঘ) সাত ভাগে

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. সামাজিক পরিবর্তন হলো—
i. সামাজিক কাঠামোর পরিবর্তন
ii. সামাজিক মিথস্ক্রিয়ায় পরিবর্তন
iii. সামাজিক সংগঠনে পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:




১৭. উপরে এ চিহ্নিত স্থানে কোনটিকে নির্দেশ করছে?
(ক) অধিক জনসংখ্যা (খ) বেকারত্ব
(গ) দারিদ্র্যতা (ঘ) নিরক্ষরতা

১৮. উক্ত সমস্যা থেকে পরিত্রাণের কার্যকরী উপায় হলো—
i. জনসংখ্যার পুনর্বাসনের ব্যবস্থা
ii. নতুন অর্থনৈতিক নীতিমালা গ্রহণ
iii. যৌতুক বিরোধী প্রচার-প্রচারণা চালানো
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. সামাজিক পরিবর্তন হলো—
i. সমাজের কাঠামোগত রূপান্তর
ii. সামাজিক প্রক্রিয়া
iii. জীবনমানের উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০. যেসব কৃষক নিজ জমিতে চাষবাস করে কোনো রকমে নিজেদের ভরণ-পোষণ করে তাদেরকে কী বলে?
(ক) প্রান্তিক কৃষক (খ) ধনী কৃষক
(গ) বর্গাচাষী (ঘ) কৃষি শ্রমিক

২১. লৌহ যুগের প্রধান বৈশিষ্ট্য কোনটি?
(ক) কারিগরি ও ব্যবসায় বাণিজ্যের প্রসার
(খ) নগর সভ্যতার উদ্ভব
(গ) কৃষির উদ্ভব
(ঘ) পরিবারের উৎপত্তি

২২. প্রত্নতত্ত্ব হচ্ছে অতীতের ধ্বংসাবশেষ সম্পর্কিত পাঠ বা গবেষণা— উক্তিটি কার?
(ক) নিমকফ (খ) ম্যাকাইভার
(গ) সরোকিন (ঘ) টেইলর

২৩. উয়ারি বটেশ্বরের প্রাচীন নাম কী?
(ক) সমতট (খ) সৌনাগড়া
(গ) কলিঙ্গ (ঘ) বঙ্গ

২৪. উয়ারী-বটেশ্বরে অবস্থিত নিদর্শনাদি হচ্ছে—
i. স্বল্পমূল্যবান পাথরের পুঁতি
ii. লৌহ নির্মিত বস্তু কুঠার
iii. রূপার নৌকা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৫. কোনটি পাকিস্তানি শাসনের ভিতকে দুর্বল করে দেয়?
(ক) ভাষা আন্দোলন (খ) ৬৯' এর আন্দোলন
(গ) ছয় দফা আন্দোলন (ঘ) ৭০' এর আন্দোলন

২৬. বৈবাহিক বন্ধনের ভিত্তিতে গড়ে ওঠা জ্ঞাতি সম্পর্ক হলো—
(ক) পিতা-মাতা (খ) শ্বশুর-শাশুড়ি
(গ) ধর্ম-পুত্র (ঘ) চাচাতো ভাই

২৭. তথ্য ও প্রযুক্তি প্রভাবিত করে—
i. উৎপাদন ব্যবস্থা
ii. শিক্ষাব্যবস্থা
iii. বিনোদন ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের ছকটি দেখে ২৮ নং প্রশ্নের উত্তর দাও:

| |
|---|
| ঘনবসতি |
| নিজস্ব প্রশাসন ব্যবস্থা |
| নানা পেশাজীবী মানুষের সমাবেশ |

২৮. ছকে কোন বিষয়ের বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে?
(ক) শিল্প বিপ্লব (খ) নগর সমাজ
(গ) সামন্ত সমাজ (ঘ) গ্রামীণ সমাজ

২৯. বিশ্বায়ন বলতে বোঝায়—
i. অর্থ ও সম্পদের অবাধ প্রবাহ
ii. বাণিজ্যিক এক ত্রৈণিকরণ
iii. সীমাহীন বিশ্ব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. সিলেট অঞ্চলে বসবাসরত একটি নৃগোষ্ঠীর নাম—
(ক) চাকমা (খ) মারমা
(গ) মণিপুরী (ঘ) গারো

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com